

প্রেস রিলিজ  
তারিখ: ০৩ জুলাই ২০২৬

## বাউবির অসচ্ছল ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের ফি মওকুফ কমিটির সভা অনুষ্ঠিত

আর্থিক অসচ্ছলতা বা শারীরিক প্রতিবন্ধকতা যেন কোনো শিক্ষার্থীর উচ্চশিক্ষার পথে বাধা হয়ে না দাঁড়ায়, সে লক্ষ্যেই বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) অসচ্ছল ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের কোর্স ও রেজিস্ট্রেশন ফি মওকুফ সংক্রান্ত আবেদন যাচাই-বাছাই এবং চূড়ান্ত তালিকা প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটির দ্বিতীয় (২য়) সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (৩ জুলাই) সকাল সাড়ে ১১টায় বাউবির গাজীপুরস্থ উপাচার্যের কার্যালয়ের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। সভায় ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. মোছাঃ শিরিন সুলতানা, এসএসএইচএল-এর ডিন অধ্যাপক তানভীর আহসান, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) মোঃ হাবিবুল্লাহ মাহামুদ, অর্থ ও হিসাব বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ সাজ্জাদ হোসেন চৌধুরী, আইসিটি হেড মোঃ মুমিনুল ইসলাম এবং এসএসএস বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আমিনুল হক উপস্থিত ছিলেন। এছাড়া ভার্সুয়ালি অংশ নেন স্কুল অব বিজনেসের ডিন অধ্যাপক ড. মোঃ মঈনুল ইসলাম ও স্কুল অব ল-এর ডিন অধ্যাপক ড. নাহিদ ফেরদৌসী।

সভায় ফি মওকুফের জন্য জমা পড়া আবেদনসমূহ পর্যালোচনা, যাচাই-বাছাই এবং চূড়ান্ত তালিকা প্রণয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময় আবেদন নিষ্পত্তিতে স্বচ্ছতা, ন্যায্যতা ও মানবিক দৃষ্টিভঙ্গি অনুসরণের ওপর গুরুত্বারোপ করা হয়। সভাপতির বক্তব্যে উপাচার্য বলেন, আর্থিক অসচ্ছলতা বা শারীরিক প্রতিবন্ধকতা কোনো শিক্ষার্থীর শিক্ষাজীবনের প্রতিবন্ধক হতে পারে না। শিক্ষা সবার মৌলিক অধিকার এবং শিক্ষার্থীদের উচ্চশিক্ষা নিশ্চিত করতে বাউবি ফি মওকুফসহ বিভিন্ন কল্যাণমূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। ভবিষ্যতেও শিক্ষার্থীদের প্রয়োজন ও বাস্তবতা বিবেচনায় এ ধরনের সহায়তামূলক উদ্যোগ অব্যাহত থাকবে বলেও আশাবাদ ব্যক্ত করেন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

মোঃ খালেদুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)